



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ৩ সেপ্টেম্বর, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ৩ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ বিশ্ববিদ্যালয় সিডিকেট সভাকক্ষে সকাল ১১.৩০ টায় সোনালী ব্যাংক এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মধ্যে “এগ্রিমেন্ট সাইনিং সেরিমনি” অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, সকলের জন্য ডিজিটাল সেবা প্রধানমন্ত্রী শেখ হাসিনার অঙ্গিকার। এরই ধারাবাহিকতায় এ বিশ্ববিদ্যালয়ের সকলের জন্য ডিজিটাল সেবার লক্ষ্যে আজকের এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান।

রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেনের পরিচালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. অনোয়ারুল ইসলাম, স্কুল অফ লাইফ সাইন্সেসের ডিন প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মো. সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন, কম্পিউটার ও তথ্য কেন্দ্রের পরিচালক প্রফেসর ড.মোহাম্মদ রেজা সেলিম, সোনালী ব্যাংকের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর জনাব এ. কে. এম সাজেদুর রহমান, সোনালী ব্যাংকের চিফ ফাইন্যান্সিয়াল অফিসার সুভাস চন্দ্র দাস, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সোনালী ব্যাংক শাখার ব্যবস্থাপক জনাব দ্বিগবিজয় দত্ত।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/
২০১৯

তারিখ: ০৮ জুলাই,

প্রেস বিজ্ঞপ্তি

আজ ৮ জুলাই, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল ৯.৩০ টায় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এশিওরেন্স(আইকিউএসি) সেল কর্তৃক আয়োজিত দিনব্যাপী স্ক্রয়ার্কশপ অন গুড গভর্নেন্স : অফিসিয়াল এন্ড ফিন্যান্সিয়াল মেনেজমেন্ট চর্চা কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ আয়োজনে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকলের কর্মদক্ষতা বৃদ্ধিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন সদা তৎপর। বৈশ্বিকি চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্ববিদ্যালয়ের জনসম্পদকে তৈরি করার লক্ষ্যে এবং বিশ্ববিদ্যালয়ের বিশাল উন্নয়ন প্রকল্পের কাজ সুচারু ভাবে সম্পন্ন করার জন্য প্রশিক্ষণের বিকল্প নেই। অল্প কিছু দিনের মধ্যে অনেকগুলো প্রকল্পের কাজ শুরু হবে এবং এক হাজার কোটি টাকার প্রকল্প প্রস্তাবনা অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আশরাফুল ইসলামের সভাপতিত্বে এবং প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, হিসাব পরিচালক জনাব আ.ন.ম জয়নাল আবেদিন, হিসাব দপ্তরের অতিরিক্ত পরিচালক জনাব শেখ আবুল হাসান।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার